

Ex/BANGLA/UG/2.1/45/2019(OLD)

কলান্নাতক অন্ত্য-সিমেস্টার পরীক্ষা, ২০১৯

(প্রথম বর্ষ, দ্বিতীয় সিমেস্টার)

বাংলা

মধ্যযুগের বাংলা সাহিত্য

কোর্স : ইউ.জি. - ২.১

সময় : দু ঘণ্টা

পূর্ণমান : ৩০

যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও।

সব প্রশ্নের মান সমান।

১. মধ্যযুগের বাংলা সাহিত্যের অন্যতম অভিজ্ঞান ভক্তিভাবনা। লঙ্কাকাণ্ডের বিভিন্ন অংশে এই ভক্তিভাবনার যে প্রকাশ ঘটেছে তার পরিচয় দাও। ১০
অথবা
২. লঙ্কাকাণ্ডে হনুমানের কারণে স্বর্ণলঙ্কার যে বিপর্যয় ঘটেছিল তার বিবরণ নিজের ভাষায় লেখো। ১০
৩. বিজয়গুপ্তের মনসামঙ্গল কাব্যে মনসা ও নেতার সম্পর্কের বহুবিধ মাত্রা কাব্যে কতটা গুরুত্বপূর্ণ হয়ে উঠেছে আলোচনা করো।
অথবা
৪. যে কোনো একটি বিষয় সম্পর্কে বিশদে আলোচনা করো। ১০
৪.১ চাঁদের যাত্রাপাটন বা বাণিজ্যযাত্রা।
৪.২ হাসান হসন যুদ্ধ পালা।

(Turn over)

(2)

৫. মুকুন্দ চক্রবর্তী কখনও বলেছেন “বিচারি অনেক পুরাণ” তিনি ‘অভয়ামঙ্গল’ কাব্য রচনা করেছেন আবার কখনও বলেছেন, “মুকুন্দ রচিলা গীত লৌকিকের ভাষা”। একই কাব্য সম্পর্কে কবির এই দুই দাবি তোমার কাছে কতদূর গ্রহণযোগ্য তা কালকেতু আখ্যান অবলম্বনে বিশ্লেষণ করো।

১০

অথবা

৬. বুলান মণ্ডলের প্রতি কালকেতুর উপদেশ এক অর্থে মধ্যযুগের সাধারণ কৃষিজীবী সমাজের স্বপ্নপূরণের আখ্যান – মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত ব্যাখ্যা করে বুঝিয়ে দাও।

১০

৭. চৈতন্য ভাগবতে ‘অবতার গৌরচন্দ্র’ নয় বরং রক্তমাংসের মানুষ ‘নিমাই’-এর কাহিনিই বর্ণিত হয়েছে। তুমি কি এই বক্তব্য সমর্থন কর? যুক্তিসহ তোমার মত জানাও।

১০

অথবা

৮. বৃন্দাবন দাসের ‘চৈতন্যভাগবত’ অবলম্বনে তদানীন্তন নবদ্বীপের ধর্মীয় পরিস্থিতির বিবরণ দাও।

১০